



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 48116358, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.বি.এস.১৬৭.৩৬৩

এপ্রিল ৩০, ২০২৪

সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক
সকল বাণিজ্যিক ব্যাংক

বিষয় : জিএসপি সুবিধা গ্রহণের জন্য বিটিএমএ থেকে ইস্যুকৃত প্রত্যয়নপত্রে স্বাক্ষর প্রদান এবং স্বাক্ষর প্রদানকারী কর্মকর্তার নাম এবং পদবী অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গত ডিসেম্বর ০৩, ২০২৩ তারিখে বিটিএমএ'র পত্রের (সূত্রঃ বিটিএমএ.বি.এস.১৬৭.৯৪৮) মাধ্যমে আপনাকে অবহিত করা হয়েছিল যে সমিতির অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল জনাব মনসুর আহমেদ, বিটিএমএ'র ডেপুটি সেক্রেটারী জেনারেল জনাব মহিউদ্দিন আহমেদের পাশাপাশি জনাব মুহাম্মদ জিয়াউর রহমান, জয়েন্ট সেক্রেটারী জেনারেল, বিটিএমএও সমিতি হতে বস্তুখাতে জিএসপি সুবিধা গ্রহণের জন্য ইস্যুকৃত Certificate of Production এবং Certificate of Processing এ স্বাক্ষর করবেন।

এ প্রসঙ্গে আপনাকে আরো অবহিত করছি যে গত ২৯ এপ্রিল, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ)'র পরিচালনা পর্ষদের এপ্রিল ২০২৪ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.) কে বিটিএমএ'র সেক্রেটারী জেনারেল হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। ইতোমধ্যেই জনাব মোঃ জাকির হোসেন অদ্য ৩০ এপ্রিল ২০২৪ তারিখে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশনের সেক্রেটারী জেনারেল হিসেবে যোগদান করেছেন। তিনি বিটিএমএ'র প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে তাঁর উপরে অর্পিত দায়িত্ব পালন করবেন।

ফলে সমিতি হতে বস্তুখাতে জিএসপি সুবিধা গ্রহণের জন্য ইস্যুকৃত Certificate of Production এবং Certificate of Processing এ ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.) এর নাম এবং পদবী অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

এমতাবস্থায় এখন থেকে ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.), সেক্রেটারী জেনারেল, বিটিএমএ, জনাব মনসুর আহমেদ, অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল, বিটিএমএ, জনাব মহিউদ্দিন আহমেদ, ডেপুটি সেক্রেটারী জেনারেল (এডমিন), বিটিএমএ এবং জনাব মুহাম্মদ জিয়াউর রহমান, জয়েন্ট সেক্রেটারী জেনারেল, বিটিএমএ সমিতি হতে জিএসপি সুবিধা গ্রহণের জন্য জারীতব্য Certificate of Production এবং Certificate of Processing এ স্বাক্ষর করার জন্য যোগ্য হবেন।

নিম্নে সেক্রেটারী জেনারেল ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.) এর স্বাক্ষরের নমুনা প্রেরণ করা হলো :

১.....
২.....

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

মোহাম্মদ আলী খোকন

প্রেসিডেন্ট

অনুলিপি: মহাপরিচালক (বস্ত্র সেল), রপ্তানী উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা।